



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

Bangladesh Open University

বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫



## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর Annual Performance Agreement টিমের ১২তম সভার কার্যবিবরণী

তারিখ : ১৯-০৯-২০২১ ইং, শনিবার।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাওবি)- এর Annual Performance Agreement টিমের ১২তম সভা (ভার্চুয়াল Zoom এর মাধ্যমে ১৯.০৯.২০২১ তারিখ দুপুর রাত ৮.০০ টায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় রেজিস্ট্রার ড. মহাঘ শফিকুল আলম এবং টিম লিডার, এপিএ টিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সম্মানিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

(জ্যোঞ্জতার ক্রমানুসারে নথি)

- ১। জনাব আবুল কাসেম শিখদার, পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ ও সদস্য এপিএ টিম, বাওবি।
- ২। জনাব মো: হিমায়েত মিয়া, পরিচালক, অর্থ ও হিসাব ও সদস্য, এপিএ টিম, বাওবি।
- ৩। ড. এইচএম আনিসুর রহমান আখন্দ, পরিচালক, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাওবি।
- ৪। জনাব মো: মাহবুব-উল- ইসলাম, যুগ্ম পরিচালক (পার্সোনেল-১, কর্মকর্তা) প্রশাসন বিভাগ ও সদস্য এপিএ টিম, বাওবি।
- ৫। এম এস নাজনীন আখতার, যুগ্ম পরিচালক (কাউন্সিল) প্রশাসন বিভাগ ও ফোকাল পয়েন্ট, এপিএ টিম, বাওবি।
- ৬। এম এস মমতাজ বেগম, উপ-পরিচালক (মনিটরিং), পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ও সদস্য, এপিএ টিম, বাওবি।

সভার শুরুতে মাননীয় সভাপতি ড. মহাঘ শফিকুল আলম, রেজিস্ট্রার, বাওবি, এপিএ টিমের সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

### আলোচনা ও সিদ্ধান্ত

ড. মহাঘ শফিকুল আলম, রেজিস্ট্রার এবং টিম লিডার, এপিএ টিম, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাথে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) বাস্তবায়ন, অগ্রগতি এবং ভবিষ্যৎ পরিকল্পনার বিষয়ে বাওবি'র সকল ক্ষুলের ডিন, বিভাগের পরিচালকবৃন্দ, মাঠ পর্যায়ের আঞ্চলিক পরিচালক এবং বাওবির সকল এপিএ বাস্তবায়নের জন্য গঠিত সকল কমিটি যেমন: নেতৃত্বক্রিয়া কমিটি, শুন্দাচার কমিটি, ইনোভেশন কমিটি, সেবা প্রদান কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন কমিটি, অভিযোগ প্রতিকার পরিকল্পনা বাস্তবায়ন কমিটি, তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন জন্য প্রধান তথ্য কর্মকর্তা ও বিকল্প তথ্য কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য গঠিত কমিটি এবং সকল ক্ষুল, বিভাগ এবং শাখার এপিএ প্রতিনিধিগণ-এর অংশগ্রহণে ২৭.৯.২০২১ তারিখ একটি কর্মশালা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ বাস্তবায়ন, অগ্রগতি এবং ভবিষ্যৎ পরিকল্পনা বিষয়ক কর্মশালার অংশগ্রহণকারী, রিসোর্সপ্রারসন, প্রধান অতিথি, বিশেষ অতিথি, আলোচক, অনুষ্ঠানসূচি, Banner, ভেন্যু, বাজেট প্রণয়ন এবং ব্যবস্থাপনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাতে বিভিন্ন দিক বিবেচনায় নিয়ে উক্ত কর্মশালার অনুষ্ঠানসূচি (সংযোজনী-১) এবং Banner (সংযোজনী-২) চূড়ান্ত করা হয় এবং উক্ত কর্মশালাকে সাফল্যমন্তিত করার বিষয়ে সকল প্রকার সহযোগিতা করার বিষয়ে সকল সদস্য অঙ্গীকার ব্যক্ত করেন।

জাতীয় শুন্দাচার কৌশল বাস্তবায়ন পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সকলকে শুন্দাচার এর বিষয়ে অবহিত করার উদ্দেশ্যে বাওবির সকল ক্ষুলের ডিন, বিভাগের পরিচালকবৃন্দ, মাঠ পর্যায়ের আঞ্চলিক পরিচালক সকল ক্ষুল, বিভাগ এবং শাখার এপিএ প্রতিনিধিগণ-এর অংশগ্রহণে একটি মতবিনিময় সভা এবং শুন্দাচার কৌশল বাস্তবায়নের কর্মকৌশল প্রস্তরের লক্ষ্যে একটি কর্মশালার ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকলে একমত পোষণ করেন।

N\*

বাওবি

এপিএ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য সকল স্কুল, বিভাগ আঞ্চলিক কেন্দ্রের পরিচালক এবং সকল স্কুল, বিভাগ এবং  
শাখার এপিএ-এর প্রতিনিধিদের সাথে প্রতি ত্রৈমাসিকে অন্তত একবার মতবিনিময় সভার আয়োজন করার বিষয়ে সকলে  
একমত পোষণ করেন।

সভায় আর কোনো আলোচ্য না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪ই জুন  
২০২০  
নাজলীন আখতার  
যুগ্ম পরিচালক (কাউন্সিল)  
ও  
ফোকাল পয়েন্ট, এপিএ-টিম  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।

১৪ই জুন ২০২০  
ড. মহাবংশ শফিকুল আলম  
রেজিস্ট্রার  
এবং  
টিম লিডার, এপিএ-টিম  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়।